# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫৬০

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৯) মুসল্লির সম্মুখ দিয়ে যাওয়ার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من المرور بين يدي المصلي

আরবী

(صحيح) وَعَنْ أبي سَعِيدٍ سعيد الخدري رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ إِذَا صَلَّى أَحَدُكُمْ إِلَى شَيْءٍ يَسْتُرُهُ مِنْ النَّاسِ فَأَرَادَ أَحَدٌ أَنْ يَجْتَازَ بَيْنَ يَدَيْهِ فَلْيَدْفَعْ فِي نَحْرِهِ فَإِنْ أَبَى فَلْيُقَاتِلْهُ فَإِنَّمَا هُوَ الشَّيْطَانُ
، وفي لفظ آخر: إِذَا كَانَ أَحَدُكُمْ يُصَلِّي فَلَا يَدَعْ أَحَدًا يَمُرُّ بَيْنَ يَدَيْهِ وَلْيَدْرَأْهُ مَا اسْتَطَاعَ فَإِنْ أَبَى فَلْيُقَاتِلْهُ فَإِنَّمَا هُوَ شَيْطَانٌ
. رواه البخاري ومسلم واللفظ له وأبو داود نحوه

বাংলা

৫৬০. (সহীহ্) আবু সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি শুনেছি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ”যখন তোমাদের কেউ কোন জিনিস সামনে রেখে লোকদেরকে তা দিয়ে আড়াল করে নামায পড়ে এবং সে অবস্থায় কেউ যদি তার সামনে দিয়ে যাওয়ার চেষ্টা করে, তাহলে সে যেন তার বুকে ধাক্কা দিয়ে তাকে সরিয়ে দেয়। তাতে যদি সে না থামে, তাহলে সে যেন তার সাথে লড়ে যায়। কেননা সে শয়তান।”

অপর বর্ণনায় বাক্যের ভঙ্গিমা এরকমঃ

”তোমাদের মধ্যে কোন মানুষ যদি নামায পড়ে, তাহলে সে যেন তার সম্মুখ দিয়ে কাউকে যেতে না দেয়। কেউ যেতে চাইলে সাধ্যানুযায়ী তাকে প্রতিহত করবে। সে যদি বিরত না হয়, তবে তার সাথে লড়াই করবে। কেননা সে শয়তান।”

(বুখারী ৫০৯ ও মুসলিম ৫০৫। হাদীছের বাক্য মুসলিম থেকে নেয়া। আবু দাউদও অনুরূপ বাক্যে হাদীছটি বর্ণনা করেছেন ৬৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88348

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন